

ভর্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজে ভর্তি, ২০২২ সালের এইচএসসি পাসেও আবেদন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১১ মে ২০২৫, ১০: ০৮



রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

২০২৪-২৫ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং ও কৃষি কলেজ/ইনসিটিউটগুলোর বিভিন্ন বিভাগে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনে **বিজ্ঞপ্তি** প্রকাশ করা হয়েছে। আবেদনকারীকে অধিভুক্ত কলেজ/ইনসিটিউটে যোগাযোগপূর্বক কিছু নিয়ম মেনে আবেদনপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে। গত ১ মে দুপুর ১২টা থেকে আবেদন শুরু হয়েছে।

আবেদনপ্রক্রিয়া/পদ্ধতি—

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণে কলেজ কর্তৃপক্ষ নিজ দায়িত্বে বিভিন্ন মাধ্যমে প্রচার/প্রচারণা করে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে সনদ ও ট্রান্সক্রিপ্টসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করে আইসিটি সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভর্তির আবেদনপ্রক্রিয়া সম্পন্ন করবেন।

আবেদন ফি জমা প্রক্রিয়া: ভর্তির আবেদন ফি বাবদ মোট ৩৩০/- টাকা (সার্ভিস চার্জসহ) অনলাইনে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে পরিশোধ করতে হবে। ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে আইসিটি সেন্টার, রা.বি.-এর ব্যয় নির্বাহ অন্তে অবশিষ্ট অর্থ ‘রা.বি. অধিভুক্ত কলেজসমূহে ১ম বর্ষ ভর্তি পরীক্ষা’ হিসাব নম্বর: ০২০০০১৯৫২৫৬৩৩ তে স্থানান্তর করতে হবে।

ভর্তির যোগ্যতা—

*২০২৪-২৫ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০২২ ও তৎপরবর্তী বছরের এইচএসসি/সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

*পরীক্ষার্থীকে পদার্থ, রসায়ন ও গণিত/জীববিজ্ঞান বিষয়সহ বিজ্ঞান বিভাগ হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় কৃতকার্য হতে হবে।

*এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ৪৮ বিষয়সহ কমপক্ষে জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ ৬.৫০ থাকতে হবে।

*ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/কৃষি/ফিশারিজ/ফুড অ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স/হেলথ (আইএইচটি ম্যাটস)/নার্সিং হতে পাসকৃত শিক্ষার্থীদের জন্য ৪ ক্লেকে ৫ ক্লেকে রূপান্তর করে উপরোক্ত যোগ্যতা নির্ধারণ করতে হবে। ডিপ্লোমা পরীক্ষায় জিপিএ ৪.০০ ক্লেকে ২.৫ এর কম হলে আবেদন করতে পারবে না।

*২০২২, ২০২৩ ও ২০২৪ সালের এইচএসসি/সমমান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

অতিরিক্ত প্রার্থীর ক্ষেত্রে—

আবেদনকারীর সংখ্যা নির্ধারিত আসনের অধিক হলে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিকর্তার তত্ত্বাবধানে কলেজ/ইনসিটিউট কর্তৃপক্ষ বাছাই প্রক্রিয়ার মাধ্যমে অনুমোদিত আসনে শিক্ষার্থী মনোনয়ন করবেন।

আবেদনের সময়সীমা—

আগামী ৩০ জুন ২০২৫ রাত ১২.০০টা পর্যন্ত আবেদন করতে পারবেন আগ্রহী প্রার্থীরা।



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো